



আফগানিস্তানে ড্রোন ও বিমান হামলা চালাল পাকিস্তান



সংগৃহীত ছবি

পাকিস্তানে সাম্প্রতিক একাধিক আত্মঘাতী হামলার জেরে আফগানিস্তানের ভেতরে বিমান হামলা চালিয়েছে ইসলামাবাদ। দেশটির সেনাবাহিনী জানায়, হামলায় সংশ্লিষ্ট গোষ্ঠীগুলোর ব্যবহৃত কয়েকটি ক্যাম্প ও ঘাঁটি লক্ষ্য করা হয়েছে।

রোববার প্রকাশিত এক প্রতিবেদনে উল্লেখ করা হয়, শিয়া মসজিদে আত্মঘাতী বিস্ফোরণের পরই এই অভিযান পরিচালিত হয়। আফগানিস্তানের তালেবান সরকার তাৎক্ষণিক প্রতিক্রিয়া জানায়নি। সীমান্তবর্তী পাকতিকা ও নানগারহার প্রদেশে হামলার খবর পাওয়া গেছে। স্থানীয় সূত্রের দাবি, একটি ড্রোন হামলায় ধর্মীয় বিদ্যালয়ও লক্ষ্যবস্তু হয়।

পাকিস্তানের তথ্য মন্ত্রণালয় জানায়, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তেহরিক-ই-তালেবান পাকিস্তান (টিটিপি) ও তাদের সহযোগীদের কয়েকটি আস্তানা ধ্বংস করা হয়েছে। পাশাপাশি সীমান্ত এলাকায় আইএস-সংযুক্ত একটি গোষ্ঠীকেও টার্গেট করা হয়।

ইসলামাবাদের দাবি, সাম্প্রতিক হামলাগুলো আফগানিস্তানভিত্তিক নেতৃত্বের নির্দেশে পরিচালিত হয়েছে এবং এ বিষয়ে তাদের কাছে নিশ্চিত তথ্য রয়েছে।